## অন্তর্দাহ

তন্ময় ভট্টাচার্য্য

নাম নেই, নাম নেই ...
স্টেশনের কোনো নাম নেই ।
শুধু কিছু অস্পষ্ট ইঙ্গিত সেই ...
ব'লে দেয় সব ।
কোথাও বিকৃত গাছ - ঘুঁটের দেওয়াল,
কোথাও লাইন চেন্জ - যাত্রীর তাড়া,
কোথাও বা সময়ের সাবধানী খেয়াল
স্টেশন চেনায় নিত্যযাত্রীদের ।
আর যারা পায়ে পায়ে চলে ...
সুদীর্ঘ পথ চলে এই জীবনের,
তাদের স্টেশন ... !
নাম নেই, নাম নেই ...
স্টেশনের কোনো নাম নেই ।
হৃদয়ের গভীর ক্ষতে সৃষ্ট শুধু কিছু অন্তর্দাহ সেই ।।

## দোষারোপ

তন্ময় ভট্টাচার্য্য

রঙীন দেওয়াল থেকে পলেস্তারা ধীরে ধীরে ঝরে,
অনেক যত্নে করা দামী আবরণ,
তবুও নির্দয়ের মত নিত্যনতুন জ্যামিতিক আকারে - বারে বারে
রঙীন দেওয়াল থেকে পলেস্তারা খসে খসে পড়ে।
প্রথমে মিস্ত্রির দোষ, তারপর জোগাড়ে, রঙ, বালি ,
পাড়া প্রতিবেশীর কূদৃষ্টিকেও গালি ।
এইভাবে দোষ দিতে দিতে সম্পর্কের সুতোতে গিঁট - হাতাহাতি
মারামারি - শেষে দেখা গেল, নোনালাগা ইঁট।